

## ভিসা জটিলতায় ভোগান্তিতে বাংলাদেশিরা

- A Monitor Desk Report

Date: 14 July, 2025



ঢাকাঃ সাম্প্রতিক সময়ে বিভিন্ন দেশের ভিসা প্রত্যাখ্যানের হার আশঙ্কাজনকভাবে বেড়ে যাওয়ায় শিক্ষা, চিকিৎসা, ব্যবসা ও ভ্রমণের উদ্দেশ্যে ভিসা পেতে এখন চরম ভোগান্তিতে পড়ছেন বাংলাদেশি নাগরিকরা।

বিশেষ করে ভারতের ভ্রমণ ভিসা বর্তমানে পুরোপুরি বন্ধ রয়েছে। অন্য ক্যাটাগরির ভিসার ক্ষেত্রেও অনুমোদনের হার অনেক কমে গেছে, যা ভ্রমণেচ্ছু, চিকিৎসাপ্রার্থী ও শিক্ষার্থীদের জন্য বড় ধরনের প্রতিবন্ধকতা হয়ে দাঁড়িয়েছে।

শুধু ভারত নয়, থাইল্যান্ড, চীন, তাজিকিস্তান, মালয়েশিয়া, এমনকি ইউরোপ ও আমেরিকার ভিসাও এখন অনেক বাংলাদেশির জন্য কঠিন হয়ে পড়েছে।

নিয়মিত ভ্রমণকারী ও ইউটিউবাররা জানান, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়ার বৈধ ভিসা থাকা সত্ত্বেও সম্প্রতি তিনটি দেশের ই-ভিসা কারো কারো প্রত্যাখ্যাত হয়েছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, ‘ভিসা প্রত্যাখ্যানের নির্দিষ্ট পরিসংখ্যান নেই, তবে এখন সব দেশই যাচাই-বাছাই বাড়িয়েছে।’

ডিএফএস গ্লোবাল ও সংশ্লিষ্টদের মতে, রাজনৈতিক অস্থিরতা ও ভূয়া সনদপত্র জমার প্রবণতাও ভিসা প্রত্যাখ্যান বৃদ্ধির পেছনে ভূমিকা রাখছে।

ভ্রমণ ও ভিসা সংক্রান্ত প্রতিষ্ঠানগুলোর দাবি, আগে তুলনামূলক সহজ ভিসা পাওয়া যেত দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোতে। এখন সেই দেশগুলোর দূতাবাসও বাংলাদেশিদের ভিসা প্রত্যাখ্যান করছে।

বিশ্লেষকরা বলছেন, কূটনৈতিক জটিলতা, প্রশাসনিক ধীরগতি ও আঞ্চলিক টানা পোড়েনের কারণে এমন পরিস্থিতি তৈরি হয়েছে। তারা মনে করছেন, বিষয়টি দ্রুত সমাধানে সরকারের উচ্চপর্যায়ে উদ্যোগ নেওয়া জরুরি।

